

এসএসসি পরীক্ষার্থী

প্রশ্নপত্র আধা ঘণ্টা দেহিতে বিতরণ, শিক্ষককে অব্যাহতি

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ১৬:২৩, ১৬ ফেব্রুয়ারি ২০২৪



এসএসসি পরীক্ষার্থী

শেরপুরের একটি কেন্দ্রে এসএসসি পরীক্ষার প্রথম দিন বাংলা প্রথমপত্রের প্রশ্নপত্র আধা ঘণ্টা দেহিতে বিতরণ করার অভিযোগ ওঠে দুই পর্যবেক্ষকের বিরুদ্ধে। এ ঘটনায় পরবর্তীতে দুই পর্যবেক্ষককে পরীক্ষা সংশ্লিষ্ট সব কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার জেলা শহরের মডেল গার্লস ইনস্টিটিউট কেন্দ্রের ২০১ নম্বর কক্ষে এ ঘটনা ঘটে। অভিযুক্ত দুই পর্যবেক্ষক হলেন- মডেল গার্লস ইনস্টিটিউটের শিক্ষক নাজির আহমেদ ও

জঙ্গলদি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শাহাদাত হোসেন কনক। এ ঘটনার পর থেকেই তারা আত্মগোপনে ছিলেন।

এর আগে, সদর উপজেলার মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. চাঁন মিয়া এ ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, বিষয়টি তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

জানা গেছে, শেরপুরে এসএসসি পরীক্ষার প্রথম দিনে মডেল গার্লস ইনস্টিটিউট কেন্দ্রে ৫৯৭ জন পরীক্ষার্থী ছিলেন। এ কেন্দ্রের ২০১ নম্বর কক্ষে চারজন পরীক্ষার্থী অংশ নেন। ঐ কক্ষের পরীক্ষার্থীদের অভিযোগ- তাদের প্রশ্নপত্র দিতেই ২২ মিনিট দেরি করা হয়। তবে দায়িত্বে থাকা শিক্ষকরা ঠিকই দুপুর ১টায় উত্তরপত্র জমা নেন।

তারা আরো অভিযোগ করেন, কেন্দ্রের কর্তৃপক্ষকে বিষয়টি জানালেও কোনো ব্যবস্থা না নিয়ে তারা চলে যেতে বলেন। এছাড়া কেন্দ্রে তাদের সঙ্গে খারাপ ব্যবহারও করা হয়েছে। সময় বৃদ্ধির আবেদন করলেও তাদের হাত থেকে খাতা টেনে নেয়া হয়।

এ বিষয়ে সাতানিপাড়া বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং হল সুপার এমদাদুল হক বলেন, প্রশ্নপত্র খুলে সব কক্ষে পৌঁছাতে পাঁচ মিনিটের বেশি দেরি হওয়ার কথা নয়। কেন দেরি হলো আমিও বুঝতে পারছি না।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. চাঁন মিয়া জানান, দেরিতে প্রশ্নপত্র দেওয়া ঠিক হয়নি। বিষয়টি আমরা তদন্ত করা হচ্ছে। দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

এদিকে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) রাজীব উল হক বলেন, এরই মধ্যে পরীক্ষাকেন্দ্রের সব দায়িত্ব থেকে ঐ কক্ষের দুই শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে। তদন্তে কারো দায়িত্বে অবহেলার বিষয় প্রমাণ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।